

বাংলা উইকিপিডিয়া

: রাগিব হাসান, (Ragib Hasan), বাংলা উইকিপিডিয়ার একজন প্রশাসক
: <http://www.ragibhasan.com> , <http://bn.wikipedia.org/wiki/User:Ragib>

[If you are unable to view the Bangla text, please visit another version of the tutorial at <http://www.ragibhasan.com/wiki>]

বাংলা উইকিপিডিয়াতে আপনাকে স্বাগতম জানাচ্ছি। সারা বিশ্বের কাছে বাংলা ভাষা, সংস্কৃতি, ও বাংলাদেশের ঐতিহ্যকে তুলে ধরার এই মহাপ্রয়াসে আপনি যোগ দিচ্ছেন, তার জন্য আপনাকে ধন্যবাদ।


কিভাবে শুরু করবেন?

বাংলা উইকিপিডিয়াতে বাংলা ইউনিকোড ব্যবহার করা হয়ে থাকে। তাই বাংলা উইকিপিডিয়া দেখতে ও এখানে সম্পাদনা করতে হলে আপনাকে প্রথমে আপনার কম্পিউটারে বাংলা দেখা ও লেখার ব্যবস্থা করে নিতে হবে।

আপনি যদি উইন্ডোজ এক্সপি ব্যবহার করেন, তাহলে আপনি যেকোন বাংলা ইউনিকোড সফটওয়্যার ইন্সটল করে নিন। <http://www.omiconlab.com> এ অত্র বাংলা ইউনিকোড ফন্ট ও কীবোর্ড আছে, সেখান থেকে আপনি বাংলা কীবোর্ড আপনার কম্পিউটারে ইন্সটল করে নিন। এই কীবোর্ডটির ইন্সটল করার শেষে আপনাকে বলবে যে, control panel এর কোন সেটিং ঠিক করে নিলে আপনি সঠিক ভাবে বাংলা দেখতে পারবেন। এ ছাড়াও <http://www.ekushey.org> ওয়েবসাইটে বিস্তারিত তথ্য রয়েছে। দেখে নিন এই পৃষ্ঠাটি: http://ekushey.org/projects/shadhinota/technical/configuration_XP.html

একাউন্ট খোলা


আপনার কম্পিউটারে বাংলা সেটআপ হয়ে গেলে এবার আসুন বাংলা উইকিপিডিয়ার প্রধান পৃষ্ঠাতে। <http://bn.wikipedia.org> এখানে আসার পর, প্রথমে একটি একাউন্ট খুলে নিন। নতুন একাউন্ট খোলার লিঙ্কটি রয়েছে প্রধান পাতার উপরে ডান দিকের কোনায়। সেখানে গেলে নিচের পৃষ্ঠাটি আসবে, নতুন একাউন্ট খোলার জন্য “নতুন একাউন্ট খুলুন” এই জায়গায় ক্লিক করুন। আপনার ব্যবহারকারী নাম, পাসওয়ার্ড এবং ই-মেইল ঠিকানা দিলেই আপনি নতুন একটি একাউন্ট খুলে নিতে পারবেন। সম্পাদনা করার জন্য অবশ্য একাউন্ট খোলাটা বাধ্যতামূলক না, তবে আমরা আপনাকে একাউন্ট খুলতে বলছি, যাতে করে আপনার সম্পাদনার কাজটা সহজতর হয়ে যায়।



সম্পাদনা করা

একাউন্ট খুলেছেন? তাহলে লগ-ইন করার পরে নেমে পড়ুন সম্পাদনায়। উইকিপিডিয়ার মূল ব্যাপারটি হল যে এখানে যে কেউ যে কোন প্রবন্ধ সম্পাদনা করতে পারে। বর্তমানে যে সব প্রবন্ধ রয়েছে তাদের তালিকা প্রধান পাতা ভেই রয়েছে। যে কোন একটি প্রবন্ধের পাতায় যান, তার পর পৃষ্ঠার উপরের দিকে অবস্থিত “সম্পাদনা করুন” এই লিঙ্কে ক্লিক করুন। এটা করলেই আপনার সামনে সম্পাদনার ফরমটি এসে যাবে।

যেমন ধরুন ঢাকা শহরের প্রবন্ধটি। (<http://bn.wikipedia.org/wiki/ঢাকা>)। এখানে গিয়ে “সম্পাদনা করুন” লিঙ্কে ক্লিক করলে নিচের ছবির মতো সম্পাদনার ফরমটি আসবে।



আপনার সম্পাদনার কাজ শেষ হলে “প্রাকদর্শন” বাটনে ক্লিক করে দেখে নিন সব ঠিক আছে কি না। যদি ঠিক থাকে, তাহলে “রক্ষা করুন” বাটনে ক্লিক করে পৃষ্ঠাটিকে রক্ষা করে নিন।

কী করবেন না ?

উইকিপিডিয়াতে কপিরাইটযুক্ত কোন লেখা cut-paste করে সংযুক্ত করবেন না। ইন্টারনেট থেকে নেয়া ছবি, যা ফ্রি নয়, তাও এখান আপলোড করা যাবে না। তাই কোনো লেখা বা তথ্য নিজের ভাষায় লিখে যোগ করুন। ছবির ক্ষেত্রে সবচেয়ে ভাল হয়, যদি আপনি নিজে ডিজিটাল ক্যামেরা দিয়ে ছবি তুলে wikimedia commons (<http://commons.wikimedia.org>) এ যোগ করেন।

কোনো সাহায্য লাগলে ?

http://groups.yahoo.com/group/bangla_wiki এই মেইলিং লিস্টে লিখে জানান, অথবা কোনো উইকিপিডিয়া ব্যবহারকারীর আলাপ পাতায় লিখে জানান।